তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ০৭ জুলাই ২০২৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ২০২০-২০৩৫ মেয়াদের অর্গানোগ্রাম (০৫ অক্টোবর ২০২০ তারিখে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে দাখিলকৃত) পরিমার্জন, হালনাগাদ ও যুগোপযোগী করার লক্ষ্যে গঠিত কমিটির ৮ম সভা আজ ৭ জুলাই ২০২৬ (মঙ্গলবার) অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১০:০০টায় বাউবির প্রশাসন বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত এ গুরুত্বপূর্ণ সভায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) এবং সংশ্লিষ্ট কমিটির সভাপতি অধ্যাপক ড. আনিসুর রহমান। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাঠামোকে অধিকতর কার্যকর, দক্ষ, আধুনিক ও ভবিষ্যৎমুখী করার লক্ষ্যে প্রস্তাবিত অর্গানোগ্রামের বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়। একই সঙ্গে বিদ্যমান কাঠামোর প্রয়োজনীয় সংশোধন, নতুন পদ সৃজন, দায়িত্ব পুনর্বিন্যাস এবং বিশ্ববিদ্যালয়ের দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে অর্গানোগ্রামকে আরও বাস্তবসম্মত ও কার্যকর করার বিষয়ে বিস্তারিত আলোচনা এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)